

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪২৯

আগরতলা, ২ অক্টোবর, ২০২৪

গান্ধী জয়ন্তীতে গান্ধীবেদিতে শ্রদ্ধার্ঘ্য
স্বাধীনতা আন্দোলনে জাতিরজনক মহাত্মা গান্ধীর
অবদান অপরিসীম : শিল্প ও বাণিজ্যমন্ত্রী

স্বাধীনতা আন্দোলনে জাতিরজনক মহাত্মা গান্ধীর অবদান অপরিসীম। স্বাধীনতার পর ভারতবর্ষকে আধুনিক দেশ হিসেবে গড়ে তুলতে চেয়েছিলেন তিনি। গ্রাম স্বরাজের মধ্য দিয়ে স্বনির্ভর ভারত গড়ে তোলার ডাক দিয়েছিলেন মহাত্মা গান্ধী। বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকার মহাত্মা গান্ধীর এই ভাবধারাকে পাথেয় করে দেশ ও রাজ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছে। আজ সকালে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উপলক্ষে গান্ধীঘাটে জাতীয় পতাকা উত্তোলন ও গান্ধীবেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপনের পর শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন। অনুষ্ঠানে শিল্পমন্ত্রী রাজ্যবাসীকে দেশীয় পণ্য এবং খাদিজাত দ্রব্য আরও বেশি পরিমাণে ব্যবহার করার জন্য আহ্বান জানান। গান্ধী জয়ন্তী উপলক্ষে গান্ধীঘাটে ভজন, রামধুন পরিবেশনার পাশাপাশি গান্ধীজীর লেখা, গীতা, বাইবেল, কোরান, বুদ্ধ জাতক পাঠ করা হয়।

গান্ধী জয়ন্তী উপলক্ষে আজ সকালে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা সার্কিট হাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। শিল্পমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের অধিকর্তা তরুণ দেববর্মা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, সদর মহকুমা শাসক মানিক লাল দাস প্রমুখ।
